হে আল্লাহ! আমি তোমার নিকট ক্ষুধা থেকে পানাহ চাচ্ছি। কারণ, সেটা খুব খারাপ সঙ্গী এবং তোমার নিকট খিয়ানত থেকেও পানাহ চাচ্ছি। কারণ, সেটা খুব খারাপ বন্ধু।

আবূ হুরায়রা রাদিয়াল্লাহু আনহু থেকে মারফু‘ হিসেবে বর্ণিত, “হে আল্লাহ, আমি তোমার
নিকট ক্ষুধা থেকে পানাহ চাচ্ছি। কারণ, সেটা খুব খারাপ সঙ্গী এবং তোমার নিকট খিয়ানত থেকেও পানাহ চাচ্ছি। কারণ, সেটা খুব খারাপ বন্ধু।” [হাসান] [এটি ইবন মাজাহ বর্ণনা করেছেন। - এটি নাসাঈ বর্ণনা করেছেন। - এটি আবূ দাঊদ বর্ণনা করেছেন।]

নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ক্ষুধা থেকে পানাহ চেয়েছেন। কারণ, সেটা খুব খারাপ সঙ্গী, নফস ও অন্তরের আরাম দূর করে দেয় এবং তিনি মাখলুক ও খালিকের আমানতের খিয়ামত থেকে পানাহ চেয়েছেন। কারণ, সেটা ব্যক্তির খুব খারাপ একটি অভ্যাস।

https://www.sunnah.global/hadeeth/bn/show/5883